যুগান্তর

তারিখ: 14 AUG 2008

পৃষ্ঠা ৩ কলাম ২

# পদোন্নতির তিন মাস পর ৪৭৬ সহযোগী অধ্যাপককে পদায়ন

যুগান্তর রিপোর্ট

অবশেষে পদোন্নতির তিন মাস পর পদায়ন পেলেন শিক্ষা ক্যাডারের ৪৭৬ জন কর্মকর্তা। বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে পদায়ন আদেশ প্রকাশ করা হয়। আগামী ২১ আগস্টের মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে তারা পদায়নকৃত কলেজে যোগদান করবেন। প্রায় তিন বছর পর ১৩ মে এক সভায় এই ৪৭৬ জনসহ মোট ৫৪৩ জন সহকারী অধ্যাপককে সহযোগী এবং ১১৩৭ জন প্রভাষককে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি দেয়া হয়। পদোন্নতিপ্রাপ্ত হয়ে তখন এরা সবাই নিজ নিজ কলেজে যোগদান করেন।

এই পদোন্নতি এবং যোগদান নিয়ে তখন তুমুল বিতর্ক হয়েছিল। ঘটেছিল তুঘলকি কাণ্ড। ১৩ মে বিকাল ৫টায় পদোন্নতি সংক্রান্ত সভা শুরু হয়ে রাত ১০টায় শেষ হলেও ওই তারিখেই সবাইকে সারাদেশে যোগদান দেখানো হয়। অথচ পদোন্নতির সরকারি প্রজ্ঞাপন জারি হয়েছিল দু'দিন পর। তারও একদিন পর প্রকাশিত হয় পদোন্নতিপ্রাপ্তদের তালিকা। আবার দুটি ক্যাটাগরি মিলিয়ে মোট ১৬৮০ জনকে পদোন্নতি দেয়া হলেও আরও ৬ শতাধিক কর্মকর্তাকে বঞ্চিত করার অভিযোগ ওঠে। এই বঞ্চিতরা পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন বলে তাদের দাবি। এ অবস্থায় তখন পদোন্নতি কমিটির সভার সভাপতি তৎকালীন অতিরিক্ত সচিব আশরাফুল মকবুলকে বদলি পর্যন্ত করা হয়েছিল।

এদিকে এই নতুন পদায়ন নিয়ে শিক্ষা ভবনে একটি সিন্ডিকেটের বিরুদ্ধে বাণিজ্যের অভিযোগ রয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) উপ-পরিচালকের (কলেজ-১) দফতরে ক্যাডারদের কাছ থেকে কে কোথায় যোগদান করতে ইচ্ছুক সে আবেদনপত্র নেয়া হয়েছিল। কয়েকজন অভিযোগ করেছেন, ওই প্রক্রিয়ার অন্তরালেই হয়েছে ব্যবসা।